গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বা/এ, ঢাকা।
www.npo.gov.bd

বিষয়ঃ **জাতীয় উৎপাদনশীলতা কার্য-নির্বাহী কমিটির একাদশ তম সভার কার্যবিবরণী ।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোহাম্মদ আব্দুল্লাহ্<br>সচিব, শিল্প মন্ত্রণালয় |
| তারিখ | : | ২০ নভেম্বর, ২০১৭ খ্রিঃ<br>রোজ সোমবার |
| স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| সময় | : | বিকাল: ৩.০০ ঘটিকা । |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে এবং পারস্পরিক পরিচিতির মাধ্যমে পরিচয় পর্বের মাধ্যমে সভার কার্যক্রম শুরু করেন । সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব এস. এম. আশরাফুজ্জামান, এনপিও পরিচালক জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটির কার্যপত্র সভায় উপস্থাপন করেন ।

অতঃপর সভায় আলোচ্যসূচি ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রমিক নং | আলোচ্যসূচি ও আলোচনা | সভার সিদ্ধান্ত |
|---|---|---|
| ১। | বিগত সভার কার্য-বিবরণী নিশ্চিতকরণ :<br>বিগত সভার কার্য-বিবরণী সভায় উপস্থাপন করা হয় । দীর্ঘ প্রায় ২ বছর পরে কমিটির সভা অনুষ্ঠিত হওয়ায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয় । পরে বিগত সভার কার্য-বিবরণীর উপর কমিটির সদস্যদের মতামত আহবান করা হয় । কার্য বিবরণীতে কোনরূপ সংশোধন না থাকায় এটি দৃঢ়করণের জন্য প্রস্তাব করা হয় । | সভায় সর্ব সম্মতভাবে বিগত ১০ম সভার কার্যবিবরণী দৃঢ় করা হয়। |
| ২। | এনপিও'র **ICT** শাখায় কম্পিউটার অপারেটর ও ডাটা এন্ট্রি অপারেটর পদ ২টি সৃষ্টির সম্মতির জন্য অর্থ মন্ত্রণালয়ে পুনরায় প্রস্তাব সংক্রান্ত :<br>এনপিও এর পরিচালক সভাকে অবহিত করেন বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক প্রণীত জাতীয় তথ্য যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০০৯ এর রূপকল্প ও উদ্দেশ্যসমূহের সফল বাস্তবায়নের লক্ষ্যে এ দপ্তরে আইসিটি সেল স্থাপনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং ০৫.১৬০.০২৮.০৩.০০.০১৩.২০০৯-৮২, তারিখ ০৩-০৪-২০১১ এর মাধ্যমে সহকারী প্রোগ্রামার-০১টি, কম্পিউটার অপারেটর- ০১টি ও ডাটা এন্ট্রি অপারেটর- ০১টি মোট ৩টি পদ সৃজনের সম্মতি জ্ঞাপন করে। সে মোতাবেক অর্থ মন্ত্রণালয় সহকারী প্রোগ্রামার এর একটি পদ পূরণের জন্য সম্মতি প্রদান করে। ইতোমধ্যে সহকারী প্রোগ্রামার পদে নিয়োগ করা হয়েছে । | বিষয়টি ইতোমধ্যে সম্পাদন হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয় । |
| ৩। | এনপিও দপ্তরের আপগ্রেডেশন ও আঞ্চলিক অফিস স্থাপন সংক্রান্ত :<br>পরিচালক এনপিও জানান যে, ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর কলেবর বৃদ্ধি এবং যুগপোযোগীকরণের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় তথ্যাদির বিবরণ উল্লেখপূর্বক গত ০৯-১০-২০১৭ তারিখে শিল্প মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। এ পরিপ্রেক্ষিতে এনপিও'র পরিচালক সভাকে আরো অবহিত করেন যে, এনপিওতে বর্তমানে ৬৭ জন জনবল আছে । এনপিও'র মন্ত্রণালয় কর্তৃক কলেবর বৃদ্ধি এবং যুগপোযোগীকরণের বিষয়ে গঠিত যাচাই বাছাই কমিটি সুপারিশ মতে ৪০৮ জনের স্থলে ৩৫৮ জন জনবল এবং এর সাথে সামঞ্জস্য রেখে পুনরায় প্রস্তাব প্রেরণ করা হয়েছে । এ বিষয়ে অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব মোঃ দাবিরুল ইসলাম সভাকে জানান যে, জনপ্রশাসন মন্ত্রণালয় হতে কিছু সুনির্দিষ্ট বিষয় জানতে চেয়ে শিল্প মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করে। শিল্প মন্ত্রণালয় হতে সুনির্দিষ্ট বিষয়গুলোর জবাব প্রস্তুত এবং সচিব মহোদয়ের স্বাক্ষরে প্রশাসনিক মন্ত্রণালয়ের সম্মতি সংক্রান্ত সনদ প্রয়োজন হবে।<br>সভাপতি মহোদয় এনপিও'র কলেবর বৃদ্ধি এবং যুগপোযোগীকরণের বিষয়টি দ্রুত নিষ্পন্ন করে পুনরায় জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা নিতে প্রশাসন শাখার দৃষ্টি আকর্ষণ করেন । | মন্ত্রণালয়ের প্রশাসন শাখা যাচিত বিষয়ে সকল কার্যক্রম সম্পন্ন করে দ্রুত জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করবেন ।<br><br>**বাস্তবায়ন :** যুগ্ম সচিব (প্রশাঃ) |

| | | |
|---|---|---|
| ৪। | <u>এনপিও'র জন্য বরাদ্দকৃত জায়গায় ভবন নির্মাণ সংক্রান্ত :</u><br>এনপিও এর পরিচালক জানান যে, জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) সভার বিগত ১০/১১/২০১৫ তারিখে ঢাকাস্থ আগারগাঁও এর ০.৪২ একর জায়গায় ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) ও পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি)'র জন্য ৮ তলা ভবনের স্থলে ১৫ তলা ভবন করে শিল্প মন্ত্রণালয়ের অধীনস্থ অন্যান্য অফিসগুলোকে একসাথে আনা যায় সে লক্ষ্যে ১৫ তলা ভিত্তির উপর ১৫ তলা নির্মানের সিদ্ধান্ত গ্রহণ করা হয় । তিনি সভাকে আরো জানান যে, ঢাকাস্থ আগারগাঁও এ ২০১৬-১৭ অর্থ বছরে এনপিও এবং ডিপিডিটি'র নিজস্ব ভবন নির্মাণ বিষয়ে (ক) মূল ভবন নির্মাণ কাজের জন্য সর্বনিম্ন দরদাতা জামিল ইকবাল ও বঙ্গ বিল্ডার্স লিমিটেডকে Notification of Award (NOA) প্রদান করা হয়েছে এবং গত ১৬/০৭/২০১৭ তারিখ চুক্তিপত্র সম্পাদন করা হয়েছে । রিট পিটিশন বিষয়ে আপীল বিভাগ হতে শুনানীর মাধ্যমে ৮(আট) সপ্তাহের মধ্যে মামলাটি নিষ্পত্তি করার জন্য আদেশ প্রদান করেন । মামলাটির শুনানী চলমান আছে ।<br>এ বিষয়ে শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মোঃ দাবিরুল ইসলাম জানান যে, পারস্পারিক সহযোগিতা বৃদ্ধিকল্পে এবং এক স্থান হতে কাস্টমার অর্গানাইজেশনসমূহকে সার্বিক সেবা প্রদান করার লক্ষ্যে এনপিও ও ডিপিডি এর প্রস্তাবিত ভবনে শিল্প মন্ত্রণালয়ের অন্যান্য দপ্তরগুলোকে একই ভবনে স্থানান্তরের লক্ষ্যে বয়লার, এসএমই ফাউন্ডেশন, বিএবি সহ অন্যান্য অফিস সমূহকে প্রয়োজন অনুযায়ী অফিস স্পেস প্রদানের বিষয়টি অন্তর্ভুক্ত আছে । সভাপতি মামলার পরবর্তী শুনানির দিন এনপিও'র পরিচালক/দায়িত্বশীল কোন কর্মকর্তাকে বিজ্ঞ আদালতে উপস্থিত থেকে ডিএজি এর সাথে যোগাযোগ রাখার জন্য পরামর্শ প্রদান করেন । | শুনানির দিন এনপিও'র পরিচালক/দায়িত্বশীল কর্মকর্তা DAG এর সাথে সাক্ষাৎ করে মামলাটি দ্রুত নিষ্পত্তির বিষয়ে অনুরোধ করবেন।<br><br>**বাস্তবায়ন :** এনপিও |
| ৫। | <u>এনপিওকে একটি দক্ষ পেশাদারী প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার লক্ষ্যে কারিগরি প্রকল্প গ্রহণ :</u><br>এনপিইসি'র সদস্য সচিব ও এনপিও পরিচালক সভাকে অবহিত করেন যে, এনপিও'র জনবলকে আরো দক্ষভাবে গড়ে তোলার লক্ষ্যে একটি উন্নয়ন প্রকল্প "Capability Building of National Productivity Organisation (NPO) Through Strengthening Professional and Technology Transfer" মন্ত্রণালয়ের মাধ্যমে পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছিল। পরিকল্পনা মন্ত্রণালয় হতে জুলাই-২০১৭ হতে জুন-২০১৯ বাস্তবায়নের জন্য প্রকল্পটির প্রস্তাব অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণ করা হলে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ প্রস্তাবটি অর্থ বরাদ্দের জন্য জাইকা বাংলাদেশ অফিসে প্রেরণ করেছে । প্রকল্পের যাবতীয় তথ্য শিল্প সচিব মহোদয়কে অবগত করানোর জন্য পত্র প্রেরণ করা হয়েছে । শিল্প মন্ত্রণালয়ের পরিকল্পনা উইং এর সাথে যোগাযোগ করা হলে তারা উক্ত প্রকল্পটির জন্য দাতা সংস্থার খবরাখবর নিচ্ছে বলে জানান ।<br>সভাপতি **এনপিও'র কারিগরি প্রকল্পের** বিষয়টির তথ্যাদি সংগ্রহ করার জন্য এনপিও'র পরিচালককে নির্দেশ প্রদান করেন। | প্রকল্পটি বাস্তবায়ন বিষয়ে সর্বশেষ অবস্থা জানা সহ এটি তরান্বিত করতে প্লানিং সেলের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে ।<br><br>**বাস্তবায়ন :** এনপিও/ প্লানিং সেল, শিল্প মন্ত্রণালয় । |
| ৬। | <u>এপিও কর্তৃক প্রতিষ্ঠান পর্যায়ে প্রদেয় স্বল্প ব্যয় সম্পন্ন আন্তর্জাতিক মানের Technical Expert Service (TES) সেবা গ্রহণ :</u><br>এনপিও পরিচালক জানান যে, এপিও'র সাথে যোগাযোগপূর্বক বাংলাদেশ ২০১৭ সালে ০২টি TES গ্রহণ করা হয় । TES on Productivity Measurement and Monitoring System for NPO এ TESটি আগামী ২৭ নভেম্বর-০১ ডিসেম্বর, ২০১৭ তারিখে অনুষ্ঠিত হবে । সিংগাপুরের এক্সপার্ট Dr. Vu. Minh Khuong এটি পরিচালনা করবেন । TES on Green Productivity Energy Efficiency and Green Energy Technologies বাংলাদেশ পাওয়ার ডেভেলপমেন্ট বোর্ড । এ TESটি আগামী ৪-৮ ডিসেম্বর, ২০১৭ তারিখে অনুষ্ঠিত হবে । জাপানি এক্সপার্ট Dr. Jun Hagihara এটি পরিচালনা করবেন । এ পরিপ্রেক্ষিতে সভাপতি এনপিও'র জন্য নিজস্ব পেশাজীবী কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির জন্য TES গ্রহণ করার জন্য এনপিও'র পরিচালককে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং পরবর্তীতে এ ধরনের কর্মসূচি গ্রহণের বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করেন। | এ বছরে অনুষ্ঠিতব্য ২টি TES এর সফল সমাপ্তি ও পরবর্তী বছরে আরও TES প্রোগ্রাম প্রাপ্তির লক্ষ্যে এপিও এর সঙ্গে যোগাযোগ অব্যাহত রাখতে হবে ।<br><br>**বাস্তবায়ন :** এনপিও । |
| ৭। | <u>নিম্নমাধ্যমিক শিক্ষা কারিকুলামে উৎপাদনশীলতা বিষয় অন্তর্ভুক্তকরণ :</u><br>ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)'র পরিচালক সভাকে অবহিত করেন, ৬ষ্ঠ, ৭ম এবং ৮ম শ্রেণীর শিক্ষা কারিকুলামে উৎপাদনশীলতা বিষয়টি অন্তর্ভুক্ত করার ব্যাপারটি শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডে প্রেরণ করা হয় । কিন্তু জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড বিষয়টিকে পাঠ্যপুস্তকে সংযোজন করা যাবে না বলে অভিমত ব্যক্ত করেন। এর পরিপ্রেক্ষিতে শিল্প মন্ত্রণালয়ের স্মারক নং-৩৬.০০.০০০০.০৫২. ১৬.০১২.০৫.১৩/৮৬, তারিখঃ ০৮-০৪-২০১৪ এর মাধ্যমে শিক্ষা মন্ত্রণালয়কে বিষয়টি পুনঃ বিবেচনা করার জন্য অনুরোধ করা হয়েছিল। কিন্তু কোনরূপ অগ্রগতি সাধিত হয়নি ।<br>সভাপতি বলেন যে, উৎপাদনশীলতা বিষয়টি জাতীয় পর্যায়ে অত্যন্ত গুরুত্বপূর্ণ । উৎপাদনশীলতা বিষয়টি উচ্চ মাধ্যমিকসহ উচ্চতর কারিকুলামে অন্তর্ভুক্তি আছে। নিম্ন মাধ্যমিক স্তরে এ বিষয়টি অন্তর্ভুক্তির যথাযথ হবে না । সার্বিক আলোচনায় নিম্নমাধ্যমিক শিক্ষা কারিকুলামে উৎপাদনশীলতা বিষয় অন্তর্ভুক্ত না করার বিষয়ে উপস্থিত সকল সদস্যগণ একমত পোষণ করেন । | নিম্নমাধ্যমিক স্তরে উৎপাদনশীলতার অন্তর্ভূক্তির বিষয়টি আলোচ্যসূচি হতে বাদ দেওয়ার ব্যাপারে সর্বসম্মতি সিদ্ধান্ত গৃহীত হয় । |

| | | |
|---|---|---|
| ৮। | **সেক্টর এবং সাব সেক্টরের Need Base কর্মসূচি গ্রহণ ও বিভিন্ন ট্রেডবডি এবং এনপিও'র মধ্যে মেমোরেন্ডাম অফ আন্ডারস্ট্যান্ডিং স্বাক্ষর:**<br>এনপিও পরিচালক বলেন, শিল্প মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের উপস্থিতিতে বিগত ২৫/০৪/২০১৭ খ্রিস্ট্র জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি বাংলাদেশ **(নাসিব)** এবং এনপিও মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয় । বর্তমানে বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি **(বিডব্লিউসিসিআই)** সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানের অপেক্ষায় আছে/অন্য দিকে (ক) দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ **(এফবিসিসিআই)** (খ) ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ **(ডিসিসিআই)** (গ) বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ **(বিসিআই)** (ঘ) বাংলাদেশ এগ্রো প্রসেসরস এসোসিয়েশন **(বাপা)য়** খসড়া সমঝোতা স্মারকের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। তিনি আরো জানান যে, প্রস্তাবিত সংস্থাসমূহে সম্মতি পাওয়া সাপেক্ষে সমঝোতা স্মারক স্বাক্ষর করা হবে। সভাপতি জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি বাংলাদেশ **(নাসিব)** এবং এনপিও মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হওয়ায় নাসিবের সভাপতিকে এনপিইসির সকল সদস্যদের পক্ষে ধন্যবাদ জ্ঞাপন করেন ।<br>সভাপতি সেক্টর এবং সাব-সেক্টরের Need Basis কর্মসূচি গ্রহণ ও দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ **(এফবিসিসিআই)**, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ **(ডিসিসিআই)**, বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ **(বিসিআই)**, বাংলাদেশ এগ্রো প্রসেসরস এসোসিয়েশন **(বাপা)** এর সাথে এনপিও-কে মেমোরেন্ডাম অফ আন্ডারস্ট্যান্ডিং স্বাক্ষরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান করেন । | বিভিন্ন ট্রেডবডির সাথে একত্রে কাজ করার লক্ষ্যে MoU স্বাক্ষর ও কার্যক্রম জোরদারকরণে অধিক তৎপর হতে হবে।<br>**বাস্তবায়ন :** এনপিও । |
| ৯। | **নাসিব এর আর্থিক সহায়তায় উৎপাদনশীলতা বিষয়ক গোলটেবিল বৈঠক সংক্রান্ত :**<br>এনপিও'র পরিচালক বলেন "জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭" পালন উপলক্ষ্যে এনপিও এবং নাসিব এর যৌথ উদ্যোগে গত ২৭-০৯-২০১৭ইং তারিখ সকাল ১১.০০ টায় হোটেল ৭১ এ **"টেকসই উন্নয়ন ও প্রবৃদ্ধির জন্য উৎপাদনশীলতা"** শীর্ষক একটি সুন্দর ও প্রাণবন্ত গোলটেবিল আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে । সভাপতি নাসিব অত্যন্ত আন্তরিকতা এবং সক্রিয়ভাবে সহযোগিতা করায় এনপিও এবং শিল্প মন্ত্রণালয়ের পক্ষ থেকে নাসিব কর্তৃপক্ষকে ধন্যবাদ জ্ঞাপন করেন । | দিবস পালন ও উৎপাদনশীলতা বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে নাসিবের আন্তরিক প্রচেষ্টা/ সহযোগিতা অব্যাহত রাখতে হবে ।<br>**বাস্তবায়ন :** এনপিও ও নাসিব । |
| ১০। | **বিভিন্ন ট্রেডবডির সহায়তায় উৎপাদনশীলতা বিষয়ক ডকুমেন্টরি ফিল্ম প্রস্তুতকরণ :**<br>ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)'র পরিচালক সভাকে জানান, উৎপাদনশীলতা বিষয়ক ডকুমেন্টরি ফিল্ম প্রস্তুতের কার্যক্রম সম্প্রতি শুরু করা হয়েছে। তিনি জাতীয় উৎপাদনশীলতা পরিষদ (এনপিসি)'র ১১তম সভার সিদ্ধান্ত মোতাবেক শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সাধারণ) মহোদয়কে সভাপতি করে ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট গঠিত কমিটির গঠন করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন ।<br>সভাপতি উৎপাদনশীলতা বিষয়ক ডকুমেন্টরি ফিল্ম প্রস্তুতের উপর গুরুত্ব প্রদান করেন এবং শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) এর নেতৃত্বে ৫ সদস্য বিশিষ্ট গঠিত কমিটি আগামী ডিসেম্বর-২০১৭ এর মধ্যে উৎপাদনশীলতা বিষয়ক ডকুমেন্টরি ফিল্ম প্রস্তুতের কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশ প্রদান করেন । | উৎপাদনশীলতা বিষয়ক ডকুমেন্টরি ফিল্মটি আগামী ডিসেম্বর-২০১৭ এর মধ্যে প্রস্তুত করতে হবে ।<br>কমিটি :<br>(ক)অতিরিক্ত সচিব (প্রসাশন), শিল্প মন্ত্রণালয়----সভাপতি<br>(খ) সভাপতি, এফবিসিসিআই ---------------------সদস্য<br>(গ) মহা-পরিচালক, বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) ----------------সদস্য<br>(ঘ) সভাপতি, নাসিব----সদস্য<br>(ঙ) পরিচালক, এনপিও ---------------সদস্য-সচিব |
| ১১। | **বাংলাদেশের জাতীয় অর্থনীতির বিভিন্ন খাত ও উপ-খাত ভিত্তিক উৎপাদনশীলতার Level নির্ধারণ :**<br>এনপিও'র পরিচালক সভাকে অবহিত করেন, এনপিও কর্তৃক বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর তথ্য অনুযায়ী জাতীয় অর্থনীতির বিভিন্ন খাত ও উপ-খাত ভিত্তিক শ্রম উৎপাদনশীলতার Level নির্ধারণের চূড়ান্ত প্রতিবেদন শিল্প মন্ত্রণালয়ের সচিব মহোদয়, সকল কর্মকর্তা ও বিভিন্ন ট্রেড বডির প্রতিনিধির উপস্থিতিতে গত ১২/১১/২০১৭ তারিখে বিকাল ৩.০০ টায় মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে উপস্থাপন করা হয়েছে ।<br>সভাপতি মহোদয় বলেন যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর তথ্য অনুযায়ী জাতীয় অর্থনীতির বিভিন্ন খাত ও উপ-খাত ভিত্তিক শ্রম উৎপাদনশীলতার Level নির্ধারণের খসড়া কার্যক্রমটি বাংলাদেশ প্রেক্ষাপটে সঠিক আছে। কিন্তু আন্তর্জাতিক পর্যায়ে বাংলাদেশের শ্রম উৎপাদনশীলতা Level বিষয়টি কী অবস্থানে আছে তা নির্ধারণ করা প্রয়োজন । তিনি বিভিন্ন ট্রেডবডির প্রতিনিধি ও শিল্প মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের উপস্থিতিতে এনপিও কর্তৃক আন্তর্জাতিক শ্রম উৎপাদনশীলতার Level নির্ধারণপূর্বক পুনরায় আলোচনা সভা আয়োজনের পরামর্শ প্রদান করেন ।<br>এছাড়া তিনি এনপিও কর্তৃক শ্রম উৎপাদনশীলতার Level নির্ধারণের কাজ সম্পন্ন করায় এনপিও'র পরিচালককে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং আন্তর্জাতিক পর্যায়ে বাংলাদেশের শ্রম উৎপাদনশীলতা Level নির্ধারণের বিষয়টি আগামী ডিসেম্বর-২০১৭ এর মধ্যে চূড়ান্তকরণের নির্দেশ প্রদান করেন । | বাংলাদেশের জাতীয় ও সেক্টর পর্যায়ে উৎপাদনশীলতা Level কোন পর্যায়ের, অন্যান্য বছরের তুলনায় কি পর্যায়ে আছে তার একটি তুলনামূলক চিত্র তৈরি করে আগামী ৩১ শে ডিসেম্বরের মধ্যে উপস্থাপন করতে হবে।<br>**বাস্তবায়ন :** এনপিও । |

A/

| | | |
|---|---|---|
| ১২। | উৎপাদনশীলতা সম্পর্কে ধারণা সম্প্রসারণের জন্য উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক সেমিনার/কর্মশালা আয়োজন :<br>এনপিও'র পরিচালক বলেন, এনপিসির ১০ম সভার সিদ্ধান্তের আলোকে উৎপাদনশীলতা বৃদ্ধিতে এনপিও এবং বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে উৎপাদনশীলতা বিষয়ক সেমিনার/কর্মশালা আয়োজনের জন্য বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের সাথে যোগাযোগ করা হয়। কিন্তু বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় তাদের বাজেট স্বল্পতার কারণে সেমিনার/কর্মশালা আয়োজন করা সম্ভব নয় বলে এনপিও-কে অবহিত করেন। এর পরিপ্রেক্ষিতে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) এর উপাচার্য প্রফেসর ড. সাইফুল ইসলাম কে উৎপাদনশীলতা বিষয়ক সেমিনার/কর্মশালা আয়োজন করার জন্য পত্র প্রেরণ করা হয় । বুয়েট এর সাথে যোগাযোগ করা হলে উৎপাদনশীলতা বিষয়ক সেমিনারটি আয়োজন করার ব্যাপারে আর্থিক অন্তরায় আছে মর্মে জানানো হয়েছে। এ পরিপ্রেক্ষিতে নাসিবের সভাপতি জনাব মির্জা নূরুল গণি শোভন বলেন, এনপিও যদি রিসোর্স পারসন নির্ধারণ করে তবে বাকী কার্যক্রম নাসিব কর্তৃপক্ষ গ্রহণ করবে মর্মে সভাকে জানান ।<br>সভাপতি মহোদয় বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), ঢাকা বিশ্ববিদ্যালয় পাশাপাশি যে সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়ে উৎপাদনশীলতা বিষয়ক কারিকুলাম আছে সে সমস্ত বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্দ্যোগে সেমিনার/কর্মশালা আয়োজনের উপর গুরত্ব আরোপ করেন । নাসিব ও এনপিও'র যৌথ উদ্যোগে আয়োজিত সেমিনার/কর্মশালায় জাতীয় উৎপাদনশীলতা কার্য-নির্বাহী কমিটির সকল সদস্যদের আমন্ত্রণ জানানো যেতে পারে মর্মে উল্লেখ করেন। তিনি শিল্প মন্ত্রণালয়ের সকল কর্মকর্তার জন্য "উৎপাদনশীলতা উন্নয়ন কলা কৌশল" শীর্ষক একদিনের সেমিনার/কর্মশালা আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যও এনপিও'র পরিচালককে নির্দেশ প্রদান করেন । | (ক) নাসিবের সহযোগিতায় উৎপাদনশীলতার ধারণা সম্প্রসারণের জন্য বিভিন্ন ট্রেড বডির প্রতিনিধির উপস্থিতিতে সেমিনার/কর্মশালার আয়োজন করতে হবে।<br>(খ) শিল্প মন্ত্রণালয় এবং এর আওতাভুক্ত সকল দপ্তর/সংস্থার প্রধানগণেরসহ জন্য "উৎপাদনশীলতা উন্নয়ন কলা কৌশল" শীর্ষক একদিনের সেমিনার/ কর্মশালা আগামী ডিসেম্বর মাসের মধ্যে আয়োজন করতে হবে ।<br>**বাস্তবায়ন :** (ক) নাসিব<br>(খ) এনপিও |
| ১৩। | ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড প্রাপ্ত প্রতিষ্ঠান প্রধানগণকে বিমান বন্দর/সচিবালয়ে প্রবেশের সুযোগ সুবিধা প্রদান সংক্রান্ত :<br>এনপিও'র পরিচালক বলেন, ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ডকে আরও আকর্ষণীয় করার লক্ষ্যে এওয়ার্ড প্রাপ্ত প্রতিষ্ঠান প্রধানগণকে (ক) বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের ৩ বৎসরের জন্য পরিচয়পত্র প্রদান, (খ) বিমান বন্দরে ভিআইপি লাইঞ্জ-২ তিন বৎসরের জন্য ব্যবহারের সুবিধা প্রদান সংক্রান্ত সুযোগ-সুবিধা প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছিল কিন্তু অদ্যাবধি এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে যোগাযোগ করা হলে কোন অনুমোদন পাওয়া যায়নি। এ পরিপ্রেক্ষিতে নাসিবের সভাপতি উল্লেখ করেন ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড শুধু মাত্র প্রতিষ্ঠান পর্যায়ে দেওয়া হয় ও এতে প্রতিষ্ঠান প্রদান ব্যক্তিগতভাবে তেমন কোন রাষ্ট্রীয় সুযোগ-সুবিধা পান না। ফলে অনেক ক্ষেত্রে ব্যক্তি/প্রতিষ্ঠান প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ডের জন্য আবেদনে অনাগ্রহ প্রকাশ করে। সুতরাং বিজয়ী প্রতিষ্ঠানসমূহের প্রধানগণকে কিছু সুযোগ-সুবিধা প্রধান করার ব্যাপারে সভাপতির হস্তক্ষেপ কামনা করেন। সভাপতি মহোদয় ন্যাশলাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড প্রাপ্ত প্রতিষ্ঠানসমূহকে দুইটি সুযোগ-সুবিধা প্রদান করার বিষয়ে মন্ত্রণালয় হতে প্রেরিত প্রস্তাবের তথ্যাদি প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন । একই সঙ্গে অতিরিক্ত সচিব (প্রঃ)কে এ বিষয়টি তরান্বিত করার উদ্যোগী হতে পরামর্শ দেন । | আগামী সচিব কমিটির মিটিংয়ের পূর্বে প্রস্তাবিত দুইটি সুযোগ-সুবিধা সংক্রান্ত সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে সর্বশেষ অবস্থা সচিব মহোদয়কে জানাতে হবে।<br>**বাস্তবায়ন :** (ক) অতিরিক্ত সচিব (প্রঃ)<br>(খ) এনপিও । |
| ১৪। | ২০১৬ সাল হতে ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড প্রাপ্ত প্রতিষ্ঠান পরবর্তী ০৩ (তিন) বছর আবেদন করা :<br>পরিচালক (এনপিও) ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড এর নোটিশে এওয়ার্ড প্রাপ্ত প্রতিষ্ঠান পরবর্তী ০৩ (তিন) বছরের মধ্যে পুনরায় আবেদন করতে পারবে না বিষয়টি অন্তর্ভুক্তির প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবং ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড-২০১৬ এর এওয়ার্ড বিজ্ঞপ্তিতে উক্ত বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। সভাপতি মহোদয় **ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড-২০১৬** সকল প্রক্রিয়া অতি দ্রুততার সঙ্গে সম্পন্ন করার নির্দেশ প্রদান করেন । | ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড-২০১৬ সকল প্রক্রিয়া আগামী ডিসেম্বর, ২০১৭ এর মধ্যে সম্পন্ন করতে হবে ।<br>**বাস্তবায়ন :** এনপিও । |
| ১৫। | এনপিওকে একটি দক্ষ পেশাদারী প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার জন্য পর্যাপ্ত বাজেট বরাদ্দকরণঃ<br>পরিচালক এনপিও বলেন, ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর গবেষণা কার্যক্রমের জন্য ২০১৬-১৭ অর্থ বছরের বাজেটে গবেষণা কার্যক্রমের খাত সৃষ্টি করা হয়েছে এবং ২০১৭-১৮ অর্থ বছরে **"৪৮২৯-গবেষণা/উদ্ভাবনী ব্যয়"** শীর্ষক খাতে ২.০০ লক্ষ টাকা বরাদ্দ দেয়া হয়েছে মর্মে সভাকে অবহিত করেন । তিনি আরও জানান যে, বিগত সময়ে এনপিও'র গবেষণা/উদ্ভাবনী ব্যয়ের কোন কোড/আর্থিক বরাদ্দ ছিল না তাই উৎপাদনশীলতা বিষয়ক গবেষণা পরিচালনা করা কষ্ট সাধ্য হয়ে পড়ে । ইতোমধ্যে বাজেট প্রাপ্তির পূর্বেই বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের (বিএসএফআইসি)'র উৎপাদনশীলতা নিম্ন হারের কারণ এর উপর একটি গবেষণা পরিচালনা করা হয়েছে এবং অনুমোদন ও প্রিন্টিং এর জন্য মন্ত্রণালয়ে ০৮/১১/২০১৭ তারিখে প্রেরণ করা হয়েছে । এ সংক্রান্ত কাজে ব্যয়িত অর্থ প্রাপ্ত বাজেট হতে সমন্বয়সহ চলতি বছরে আরো গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য এনপিও পরিচালককে নির্দেশনা দেওয়া হয় । সভাপতি মহোদয় ২০১৭-১৮ অর্থ বছরে **"৪৮২৯-গবেষণা/উদ্ভাবনী ব্যয়"** শীর্ষক খাতে ২.০০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়ায় সন্তোষ প্রকাশ করেন এবং পরবর্তীতে আরও বাজেট বরাদ্দ নেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপর গুরুত্বারোপ করেন । | সম্পাদিত গবেষণা কর্মকান্ডে ব্যয়িত অর্থ চলতি বছরের বরাদ্দ হতে সমন্বয় করতে হবে এবং বর্তমান গবেষণা কার্যক্রম দ্রুততার সঙ্গে সম্পাদন ও প্রকাশ নিশ্চিত করতে হবে ।<br>**বাস্তবায়ন :** এনপিও । |

| | | |
|---|---|---|
| ১৬। | **এনপিও'র জন্য গঠিত খাতওয়ারী উপদেষ্টা কমিটিকে গতিশীল করার লক্ষ্যে ৮টি সেক্টর সভা আহবান ও পুনর্গঠণ :**<br>ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)'র পরিচালক সভাকে অবহিত করেন, এনপিও'র জন্য গঠিত খাতওয়ারী উপদেষ্টা কমিটিকে গতিশীল করার লক্ষ্যে ৮টি সেক্টরের সভা অনুষ্ঠিত হয়েছে । উক্ত সভাসমূহে প্রয়োজন অনুসারে প্রাইভেট সেক্টরের প্রতিনিধি সম্পৃক্ত করে ৮টি উৎপাদনশীলতা বিষয়ক উপদেষ্টা কমিটি পুনর্গঠন করা হয়েছে । তাছাড়া তিনি সভাকে আরও অবহিত করেন যে, খাতওয়ারী উৎপাদনশীলতা বিষয়ক উপদেষ্টা কমিটি ০৮টি সেক্টরের সভা বছরে দুইবার করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে ।<br>সভাপতি মহোদয় এ বিষয়ে এনপিও'র জন্য গঠিত খাতওয়ারী উৎপাদনশীলতা বিষয়ক উপদেষ্টা ০৮টি কমিটির সভাসমূহ নির্ধারিত সময়ে বাস্তবায়ন করার উপর গুরুত্বারোপ করেন । | খাতওয়ারী উৎপাদনশীলতা বিষয়ক উপদেষ্টা কমিটির সভাসমূহ নির্ধারিত সময়ে বাস্তবায়ন করতে হবে।<br><br>**বাস্তবায়ন :** এনপিও । |
| ১৭। | **এনপিও এর ষান্মাসিক উৎপাদনশীলতা বিষয়ক এনপিও বার্তা প্রকাশ :**<br>এনপিও'র পরিচালক উল্লেখ করেন উৎপাদনশীলতা সম্পর্কে সঠিক ধারণা সম্প্রসারণের লক্ষ্যে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) কর্তৃক প্রকাশিতব্য উৎপাদনশীলতা বিষয়ক এনপিও বার্তা চূড়ান্ত মুদ্রনের জন্য বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিসে প্রেরণের জন্য শিল্প মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। তিনি সভাকে আরও অবহিত করেন যে, শিল্প মন্ত্রণালয় কর্তৃক ০৬ (ছয়) সদস্য বিশিষ্ট একটি সম্পাদনা কমিটি ও ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট এনপিও'র ওয়ার্কিং কমিটি আছে। সম্পাদনা কমিটির দিক নির্দেশনা অনুযায়ী নাম নির্ধারণ করা হয় এবং এনপিও'র সার্বিক কর্মকান্ডের উপর উৎপাদনশীলতা বিষয়ক এনপিও বার্তা ১ম সংখ্যা প্রস্তুত করা হয়েছে । সভায় এনপিও'র এ উদ্যোগকে স্বাগত জানানো হয়।<br>সভাপতি এ বিষয়ে এনপিও'র পরিকল্পনা মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য এনপিও'র পরিচালককে ধন্যবাদ প্রদান করেন এবং এনপিও বার্তার নামকরণ "জাতীয় উৎপাদনশীলতা বার্তা (এনপিও বার্তা) করণের জন্য মতামত প্রদান করেন । এ বিষয়ে উপস্থিত সদস্যগণ একই মতামত ব্যক্ত করেন । | এখন থেকে নিয়মিত ভাবে ষান্মাসিক উৎপাদনশীলতা বিষয়ক "জাতীয় উৎপাদনশীলতা বার্তা (এনপিও বার্তা) প্রকাশ করতে হবে ।<br><br>**বাস্তবায়ন :** এনপিও । |
| ১৮। | **জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটির সভা :**<br>এপিও সোসাইটি ফর বাংলাদেশের সভাপতি জনাব জাওয়াইদ ইয়াহিয়া সভায় এনপিসি ও জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটির সভা বছরে দুইবার আহবান করার প্রস্তাব করেন । এনপিও'র পরিচালক জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটির সভা একবার আহবান করার ব্যবস্থা আছে মর্মে সভাকে অবহিত করেন ।<br>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে জাতীয় উৎপাদনশীলতা আন্দোলনকে আরও বেগবান করার লক্ষ্যে জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটির সভা বছরে ২ বার আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয় (জানুয়ারি ও জুলাই)। | জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটির সভা সংশ্লিষ্ট বছরের (জানুয়ারি, জুলাই) ২ বার আয়োজনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে ।<br><br>**বাস্তবায়ন :** এনপিও । |

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

স্বাক্ষরিত/
০৫/১২/২০১৭
(মোহাম্মদ আব্দুল্লাহ্)
সচিব, শিল্প মন্ত্রণালয়
সভাপতি
জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটি

২০-১১-২০১৭ ইং তারিখে বিকাল ৩.০০ ঘটিকায় অনুষ্ঠিত

জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটি (এনপিইসি)'র ১১তম সভার সম্মানিত সদস্যগণের উপস্থিতির তালিকা ও স্বাক্ষর:

| ক্রমিক নং | নাম ও পদবী | সংস্থার নাম | টেলিফোন,ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১. | মো: [illegible] ইসলাম<br>অতি: সচিব | শিল্প মন্ত্রণালয় | টেলিফোন:<br>ই-মেইল: | [signature] ২০.১১.১৭ |
| ০২. | এস.এম. আশরাফুজ্জামান<br>পরিচালক | NPO | টেলিফোন:<br>ই-মেইল: | [signature] |
| ০৩ | লুৎফুন নাহার বেগম<br>যুগ্মসচিব | শিল্প মন্ত্রণালয় | টেলিফোন: 01742969359<br>ই-মেইল: | [signature] |
| ০৪. | ফারুক আহমেদ | এম সি সি আই, ঢাকা<br>[illegible] | টেলিফোন: ৯৫৭৪ ১২৯<br>ই-মেইল sg@mccibd.org | [signature] |
| ০৫. | কামাল উদ্দিন<br>পরিচালক | [illegible] | টেলিফোন: 01670123484<br>ই-মেইল: Kamal-uddin@yahoo.com | [signature] |
| ০৬. | মো: [illegible] ইসলাম<br>[illegible] | [illegible] | টেলিফোন:<br>ই-মেইল: 01730-910721 | [signature] |

২০-১১-২০১৭ ইং তারিখে বিকাল ৩.০০ ঘটিকায় অনুষ্ঠিত

**জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটি (এনপিইসি)'র ১১তম** সভার সম্মানিত সদস্যগণের উপস্থিতির তালিকা ও স্বাক্ষর:

| ক্রমিক নং | নাম ও পদবী | সংস্থার নাম | টেলিফোন,ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০৭ | মুস্তাক হাসান মুহ: ইফতেখার চেয়ারম্যান, | বিসিক | টেলিফোন: ০১৮১৯২১০২৭৯<br>ই-মেইল: MUSTAK.IFTEKHAR@GMAIL.COM | [signature] |
| ০৮ | এ.কে.এম দেলোয়ার হোসেন চেয়ারম্যান [illegible] | BSFIC | টেলিফোন: [illegible]<br>ই-মেইল: [illegible] | [signature] 20/11/17 |
| ০৯ | Mohammad Shaheen Kamal Dir (P&R) | BCIC | টেলিফোন: 9564129<br>ই-মেইল: skamalhp@gmail.com | [signature] 20/11/17 |
| ১০. | মির্জা নুরুল গনি শোভন, সভাপতি | নাসিব | টেলিফোন: ০১৭১১৫৪৬৮৪১<br>ই-মেইল nascibbd@gmail.com | [signature] |
| ১১. | Mohd. Jawaid Yahya | President, APO Society for Bangladesh | টেলিফোন: 01911359801<br>ই-মেইল: adventpharma@gmail.com | [signature] |
| ১২. | প্রকৌ. মো. ফজলুল করিম [illegible] | ডিসিসিআই | টেলিফোন: 01911-297884<br>ই-মেইল: fazlul.karim@dhakachamber.com | [signature] 20/11/17 |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩. | কামরুন নেছা খান<br>সহকারী ব্যবস্থাপক (উৎপাদন) | বিজেএমসি,<br>ঢাকা | টেলিফোন: ৯৫৫৫৬৬৬৪<br>ই-মেইল: production.bjmc@gmail.com | [signature] ২৩/১১/১৭. |
| ১৪. | MD. GOLAM FAISAL<br>CHIEF AUDITOR | BTMC | টেলিফোন: 01552-389186<br>ই-মেইল: faisalmd.golam@yahoo.com | [signature] 23/11/2017 |
| ১৫. | | | টেলিফোন:<br>ই-মেইল: | |
| ১৬. | | | টেলিফোন:<br>ই-মেইল: | |
| ১৭. | | | টেলিফোন:<br>ই-মেইল: | |
| ১৮. | | | টেলিফোন<br>ই-মেইল | |
| ১৯. | | | টেলিফোন:<br>ই-মেইল: | |
| ২০. | | | টেলিফোন:<br>ই-মেইল: | |
| ২১. | | | টেলিফোন:<br>ই-মেইল: | |